



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/১৫(৮৭)/ ২০১৬-১৭/ ২১৪ (১২০০)

তারিখঃ ০৮/১১/২০১৬

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কনজুমার ক্রেডিট স্কিম এর আওতায় জরিমানা সুদ আদায় বিষয়ে পরিপত্রের 'ঠ' নং অনুচ্ছেদ স্পষ্টিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১০/২০০০৭ তারিখ

০৭/১০/২০০৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিবেচ্য, প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ থেকে ০৭/১০/২০০৭ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১০/২০০৭ এ বর্ণিত অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত রেখে 'ঠ' নং অনুচ্ছেদে বর্ণিত খেলাপী ঋণের উপর জরিমানা আরোপের বিষয়টি নিম্নবর্ণিতভাবে স্পষ্টিকরণ করা হলো।

ক) কিস্তি খেলাপী হলে তা যখনই আদায় করা হোক না কেন তা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১০/২০০৭, তারিখ ০৭/১০/২০০৭ এর 'ঠ' অনুচ্ছেদ মোতাবেক সংশ্লিষ্ট মাসের জরিমানার উপর ২৫% (মাসিক) হারে অতিরিক্ত জরিমানা আদায় করতে হবে। অর্থাৎ ৫০,০০০/- টাকা পর্যন্ত ১ম মাসের কিস্তি খেলাপীর জন্য ১০০/-টাকা, ২য় মাসে কিস্তি খেলাপীর জন্য জরিমানা $১০০/- + (১০০ + ১০০ \times ২৫\%) = ২২৫/-$, একইভাবে ঋণাংক ৫০,০০০/- হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ২য় মাসের জন্য জরিমানা $১৫০/- + (১৫০ + ১৫০ \times ২৫\%) = ৩৭৫/-$ টাকা এবং ১,০০,০০০/-টাকার উর্ধ্বে হলে জরিমানা $২০০/- + (২০০ + ২০০ \times ২৫\%) = ৪৫০/-$ টাকা আরোপযোগ্য হবে ;

একাধিক মাসিক কিস্তি খেলাপী হওয়ার জন্য নমুনা হিসাবায়ন পদ্ধতি নিম্নবর্ণিতভাবে ধার্য করতে হবে :

(১) ঋণাংক ৫০,০০০/- টাকা পর্যন্ত (প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করা না হলে) জরিমানা ও অতিরিক্ত জরিমানা :

খেলাপী কিস্তি	আসলের পরিমাণ	জরিমানা	অতিরিক্ত জরিমানা	অতিরিক্ত জরিমানাসহ মোট জরিমানা	মন্তব্য
১ম	৫০,০০০/-	১০০/-	০	১০০/-	দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ নিয়মিত আদায় করতে হবে। একাধিক যেমন ৩ (তিন)টি কিস্তি খেলাপীর ক্ষেত্রে $১০০ + ১২৫ + ১২৫ = ৩৫০/-$ (তিনশত পঞ্চাশ) টাকা জরিমানা ও অতিরিক্ত জরিমানা সুদ আদায় করতে হবে। অনুরূপভাবে পরবর্তী কিস্তিসমূহ খেলাপীর ক্ষেত্রে একই ব্যবস্থা নিতে হবে।
২য়	৫০,০০০/-	১০০/-	২৫/-	১২৫/-	
৩য় ও পরবর্তী কিস্তি সমূহ একইভাবে	৫০,০০০/-	১০০/-	২৫/-	১২৫/-	

(২) ঋণাংক ৫০,০০০/- হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা ও অতিরিক্ত জরিমানা :

১ম	১,০০,০০০/-	১৫০/-	০	১৫০/-	দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ নিয়মিত আদায় করতে হবে। একাধিক যেমন ৩ (তিন)টি কিস্তি খেলাপীর ক্ষেত্রে $১৫০ + ১৮৮ + ১৮৮ = ৫২৬/-$ (পাঁচশত ছাব্বিশ) টাকা জরিমানা ও অতিরিক্ত জরিমানা সুদ আদায় করতে হবে। অনুরূপভাবে পরবর্তী কিস্তিসমূহ খেলাপীর ক্ষেত্রে একই ব্যবস্থা নিতে হবে।
২য়	১,০০,০০০/-	১৫০/-	৩৮/-	১৮৮/-	
৩য় ও পরবর্তী কিস্তি সমূহ একইভাবে	১,০০,০০০/-	১৫০/-	৩৮/-	১৮৮/-	

(৩) ঋণাংক ১,০০,০০০/- টাকা এর উর্ধ্ব জরিমানা ও অতিরিক্ত জরিমানা :

১ম	১,০০,০০০/- টাকার উর্ধ্ব	২০০/	০	২০০/-	দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ নিয়মিত আদায় করতে হবে। একাধিক যেমন ৩ (তিন)টি কিস্তি খেলাপীর ক্ষেত্রে ২০০/+২৫০/+২৫০/= ৭০০/- (সাতশত) টাকা জরিমানা ও অতিরিক্ত জরিমানা সুদ আদায় করতে হবে। অনুরূপভাবে পরবর্তী কিস্তিসমূহ খেলাপীর ক্ষেত্রে একই ব্যবস্থা নিতে হবে।
২য়	১,০০,০০০/ টাকার উর্ধ্ব	২০০/	৫০/	২৫০/-	
৩য় ও পরবর্তী কিস্তি সমূহ একইভাবে	১,০০,০০০/ টাকার উর্ধ্ব	২০০/	৫০/	২৫০/-	

খ) উক্ত হিসাবসমূহে জরিমানা সুদ সরল হারে নির্ধারণ করতে হবে। অর্থাৎ খেলাপী কিস্তির জন্য কেবলমাত্র নির্ধারিত অতিরিক্ত জরিমানা সুদই আদায় করতে হবে;

গ) ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী সুদ আদায়যোগ্য হবে;


ঘ) ইতিমধ্যে যে সকল হিসাব বন্ধ হয়ে গেছে সে সকল ক্ষেত্রে এ স্পষ্টিকরণ প্রযোজ্য হবে না। উক্ত স্পষ্টিকরণ পত্র অনাদায়ী ঋণের জন্য কার্যকর হবে; এবং

ঙ) ভ্যাট ও উৎসে কর আদায়ের বিষয়ে ব্যাংকের বর্তমানে প্রচলিত নিয়ম অনুসরণ করতে হবে।”

০৬। এতদ্ব্যতীত, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১০/২০০০৭ তারিখ ০৭/১০/২০০৭ এর অপরাপর নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

অনুমোদনক্রমে-


আপনার বিশৃঙ্খল,


(মোঃ শফিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৯৫৫০৪০৩
তারিখঃ -ঐ-

সার্কুলার লেটার নং- প্রকা/ক্রেঃবিঃ-১/১৫(৮৭)/ ২০১৬-১৭/ ২৮৪ (১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপরোক্ত সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৯। নথি / মহানথি।


(মোঃ মুজিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক